দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 5 SEP 2016 ...
পৃষ্ঠা ৭ ... কলাম ৬ ...

# রংপুর মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষা কেন্দ্র বাতিল করায় ক্ষোভ

■ রংপুর প্রতিনিধি

এমবিবিএস প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় রংপুর মেডিক্যাল কলেজের ভর্তি কেন্দ্র বাতিল করায় বিভাগের আট জেলার ভর্তিচ্ছু পরীক্ষার্থীসহ শিক্ষক ও অভিভাবকরা ক্ষোভ প্রকাশ করেছেন। এদিকে রংপুর মেডিক্যাল কলেজ কেন্দ্র বহাল রাখার দাবিতে সোমবার জাগো রংপুরের ব্যানারে কাচারি বাজারে মানববন্ধন ও সমাবেশ করা হয়েছে।

২০১৫-১৬ শিক্ষাবর্ষে রংপুর মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার ফলাফল ঘোষণার পর রংপুরসহ বিভিন্ন স্থানে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ এনে শিক্ষার্থীরা লাগাতার আন্দোলন শুরু করে। আইন-শৃঙ্খলা বাহিনী প্রশ্নপত্র ফাঁসকারী চক্রকে গ্রেফতারে দেশব্যাপী সাঁড়াশি অভিযান শুরু করে। গত বছরের ২২ সেপ্টেম্বর র‍্যাবের একটি দল প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত থাকার অভিযোগে রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালের অর্থপেডিক্স সার্জারি বিভাগের সহকারী রেজিস্ট্রার ও এ ওয়ান কোচিং সেন্টারের পরিচালক ডা. জিল্লুর রহমান, সার্জারি বিভাগের সহকারী রেজিস্ট্রার ওই কোচিং সেন্টারের পরিচালক ডা. শরিফুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক ও সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার ডা. মোস্তাফিজার রহমানকে গ্রেফতার করে। ওই সময় তাদেরকে সাময়িক বরখাস্তও করা হয়।

পরে তাদের বিরুদ্ধে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ প্রমাণিত না হওয়ায় তারা মামলা থেকে অব্যাহতি পেয়ে যায়। সেই সঙ্গে বরখাস্তাদেশ প্রত্যাহার করে নেওয়া হয়। এ কারণে এবার রংপুর মেডিক্যাল কলেজ থেকে ভর্তি পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়েছে বলে জানা গেছে।